**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**9 AUGUST 2025** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় মন্ত্রীসভা আসাম ও ত্রিপুরার উন্নয়নের লক্ষে বিশেষ প্যাকেজের অধীনে ৪ হাজার ২৫০ কোটি টাকা প্রদানে অনুমোদন দিয়েছে ।রাজ্যের আদিবাসী বসতি প্রধান গ্রামগুলির উন্নয়নের জন্য মন্ত্রীসভা ৫০০ কোটি টাকার প্যাকেজ ঘোষনা করেছে । একইভাবে আলফা ও সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী রাজ্যের উন্নয়নের জন্য ৩ হাজার কোটি টাকার প্যাকেজে মন্ত্রীসভা অনুমোদন দিয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে আজ অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বেঠকের সিদ্ধান্তগুলি সাংবাদিকদের জানান ।তিনি বলেন যে ডিমা হাসাও জেলার উন্নয়নের জন্য পৃথকভাবে ৫০০ কোটি টাকার প্যাকেজ ঘোষনা করা হয়েছে । ত্রিপুরার জন্য ও কেন্দ্রীয় সরকার বিশেষ তহবিলের অধীনে ২৫০ কোটি টাকা প্রদান করেছে .

কেন্দ্রীয় মন্ত্রীসভা প্রধানমন্ত্রী উজলা যোজনার হিতাধিকারীদের ২০২৫-২৬ অর্থ বছরের জন্য ১২ হাজার কোটি টাকা সরকারী সাহায্য প্রদানে অনুমোদন দিয়েছে ।মন্ত্রী বলেন যে এই প্রকল্পের আধীনে ১০

কোটি ৩৩ লক্ষের ও বেশী পরিবার উপকৃত হয়েছে ।সরকারী ক্ষেত্রের তেল কোম্পানীগুলিকে মন্ত্রীসভা ৩০ হাজার কোটি টাকার ক্ষতিপূরণে অনুমোদন দিয়েছে বলে মন্ত্রী শ্রী বৈষ্ণ জানান ।তিনটি সরকারী ক্ষেত্রের তেল বিপনন কোম্পানী আই অ সি এল , বি পি সি এল ও এইচ পি সি এলকে এই অর্থ প্রদান করা হবে ।এছাড়া কারিগরি শিক্ষার ক্ষেত্রে বহুমুখী শিক্ষা ও গবেষণা প্রক্রিয়া উন্নত করার জন্য ৪ হাজার ২০০ কোটি টাকা প্রদানে মন্ত্রীসভা অনুমোদন দিয়েছে ।

---

আগামী ২০ সেপ্টেম্বর দিল্লী থেকে গৌহাটি হয়ে শিলচর পর্যন্ত ইন্ডিগো বিমান সেবা পুনরায় আরম্ভ হবে । বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই এই খবর জানিয়ে বলেছেন যে বরাক উপত্যকার যাত্রীরা কম সংখ্যক বিমান এবং মাত্রাতিরুক্ত ভাড়ার জন্য দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন ফলে ইন্ডিগো বিমান সেবা পুনরায় শুরু হলে এই উপত্যকার জনসাধারণ বিশেষভাবে উপকৃত হবেন । নির্ধারিত সময়সূচি অনুসারে ইন্ডিগো বিমানটি দিল্লী থেকে ভোর ৪টা ৪৫ মিনিটে গৌহাটি পৌছে সেখান থেকে পুনরায় যাত্রা শুরু করে সকাল ৭টা ৪০ মিনিটে শিলচর এসে পৌছবে । এর পর শিলচর থেকে সকাল ৯টা ২০ মিনিটে পুনরায় গৌহাটির উদ্দেশ্যে রওয়ানা দেবে । এই বিমানটি প্রতিদিন দিল্লী থেকে শিলচরের মধ্যে চলাচল করবে ।

---

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রী নীতিন গাডকারী এবছরের শেষের দিকে ভারতের পরিবহন ও আনুসংগিক ব্যয় ৯ শতাংশে হ্রাস পাবে বলে আস্থা প্রকাশ করেছেন । নতুনদিল্লীতে আজ একটি ব্যাক্তিগত নিউজ চ্যানেলের উদ্যোগে অনুষ্ঠিত এক সম্মলনে

ভাষন দেবার সময় শ্রী গাডকারী দেশের পরিকাঠামো যথেষ্ট উন্নত হোয়ার জন্য এই ক্ষেত্রে আনুসংগিক ব্যয় হ্রাস হোয়া সম্ভব হয়েছে বলে তিনি জানান । শ্রীগাডকারী বলেন যে পরিবহণ ও আনুসংগিক ব্যয়ের এই হ্রাসের ফলে দেশের রপ্তানী ক্ষেত্রতে এক বৃহৎ গতি প্রদান করা হবে । যার ফলে রপ্তানী এক দশমিক পাঁচ গুণ বৃদ্ধি হোয়ার সম্ভাবনা রয়েছে । শ্রী গাডকারী বলেন যে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রের উন্নয়ন সরকারের বিশেষ অগ্রাধিকারের অর্ন্তগত । এই ক্ষেত্রের বৃদ্ধি মোট ঘরোয়া উৎপাদনে যথেষ্ট প্রেরণা যোগাবে বলে তিনি বলেন ।

---

শিলচর পৌর নিগম এবং সৃষ্টি ওয়েষ্ট ম্যানেজমেন্ট টিম এর উদ্যোগে গতকাল সরকারী বিভিন্ন বিভাগে পরিচ্ছনতা অভিযান চালনো হয় । স্বাধীনতা দিবসের প্রাককালে এই অভিযানের উদ্দেশ্যে ছিল সরকার ও জনসাধারণের ব্যবহ্রত গুরুত্বপূর্ন স্থানগুলিকে পরিচ্ছন্ন করে নাগরিকদের মধ্যে পরিচ্ছনতা নিয়ে সচেতনতা বৃদ্ধি করা ।এই অভিযান জেলা তথ্য ও জনসংযোগ বিভাগ , আদালত প্রাংগন ,জেলা নির্বাচন কার্যালয় , জেলা পরিষদ ইত্যাদি স্থানে অভিযান চালানো হয় ।ভবিষ্যতে নিয়মিতভাবে অন্যান্য ওয়ার্ড ও প্রতিষ্ঠানে এধরণের পরিচ্ছনতা অভিযান চালানো হবে বলে পৌর নিগম সূত্রে জানানো হয়েছে ।

---

জনসাধারণকে দেশপ্রেমের চেতনায় উদ্ভুদ্ধ করার জন্য সমগ্র দেশে আজ থেকে হর ঘর তিরংগা কার্যসূচী রুপায়ন শুরু হয়েছে । রাজ্যের বিভিন্ন স্থানে ও এই কার্যসূচী রুপায়ন হচ্ছে । রাজ্য সরকার হর ঘর তিরংগা কার্যসূচী প্রতিটি জেলায় সর্বস্তরে ব্যাপক উৎসাহ উদ্দীপনায় উদযাপনের জন্য জনসাধারণকে জাতীয় পতাকা ক্রয় করার ওপর বিশেষ গুরুত্ব প্রদান করছে ।

শ্রীভূমি জেলায় জাতীয় নগর জীবিকা মিশনের অধীন আত্ম সহায়ক গৌষ্ঠী যাদের কাপড় সেলাই করার দোকাল রয়েছে তারা হর ঘর তিরংগা কার্যসূচীর জন্য জাতীয় পতাকা তৈরী করে সরবরাহ করবে । শ্রীভূমির জেলা আয়ুক্ত সব বিভাগীয় প্রধানদের পতাকার প্রয়োজনীয়তা ১১ ই আগষ্টের মধ্যে জানাতে আহ্বান জানিয়েছেন যাতে আত্ম সহায়ক গোষ্ঠী থেকে সময়মতো জাতীয় পতাকা সরবরাহ করা যায় ।

---

শ্রীভুমি জেলার গান্ধাই ব্রাক্ষনশাসন গ্রাম পঞ্চায়েতের নব নির্বাচিত সভানেত্রী, সহ-সভানেত্রী ও ওয়ার্ড সদস্যরা আজ শপথ গ্রহন করেন । এ উপলক্ষ্যে আজ গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । আজকের শপথ গ্রহন অনুষ্ঠানে প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস , জেলা সংখ্যালঘু উন্নয়ন বোঁডের সভাপতি ইকবাল হোসেন প্রমূখ উপস্থিত ছিলেন

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আসাম , মেঘালয় , অরুনাচল প্রদেশের কিছু অংশে আগামী তিনদিন ভারী বৃষ্টিপাত হতে পারে বলে পূর্বাভাসে জানিয়েছে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী সোমবার বদরপুরঘাট দেবেন্দ্র নগরের বি ভি সি এল স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।
এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগেও আগামী রবিবার ধলাই বিধানসভা কেন্দ্রের জীবনগ্রামে বিনামূল্যে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---